

২৪.একটি মধু সন্ধার স্মৃতি

সাঁঝের বেলায় দেখেছিঁনু যবে

সেই অতীত দিনের মনোহারিনী,

সে সৌরভে,সেই গৌরবে চিনি তাহে

সে ছিল মোর প্রথম প্রণয়িনী।

নীরবে দোহে আলাপন ভুলে

দু'চোখে অবনত ভাষাহীন কান্না,

আধো স্বরে বলেছিল সু-স্বাগতম

সকরুন আঁখি ভরা রাজকণ্যা।

সে রাতে অঘুর ঘুমের ঘরে

মনে পড়ে সন্ধার বিদায় আবেগ

অনুক্ষণ মনের পর্দায় ভেসে উঠে তারি ছবি

মনে হয় তমসার পাশে ইন্দ্রধনুর ঘনমেঘ।

চাঁদ জাগে জানালার পাশে বাজে সে বিদায় গীতি

মনে পড়ে আজো বার বার সে মধু সন্ধার স্মৃতি।